

ঢাকা বোর্ডের জেএসসির বৃত্তির ফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ১৫ মে, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ২ মিনিটে

গত বছরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ঢাকা বোর্ডের বৃত্তির ফল প্রকাশ করা হয়েছে। গতকাল মঙ্গলবার বোর্ডের ওয়েবসাইটে থানাভিত্তিক এই ফল প্রকাশ করা হয়।

অ- অ অ+

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নাম, রোল নম্বর ও শিক্ষাপ্রতিষ্ঠানের নাম দেওয়া রয়েছে।

২০১৮ সালের জেএসসির ফল প্রকাশ করা হয় প্রায় সাড়ে চার মাস আগে। কিন্তু কিছু উপজেলায় মেধাবী শিক্ষার্থী খুঁজে না পাওয়ায় বৃত্তির ফল আটকে ছিল। অন্য বছরগুলোতে সাধারণত মার্চ মাসেই এই ফল প্রকাশ করা হয়।

দীর্ঘ সময় পেরিয়ে গেলেও বৃত্তির ফল প্রকাশ না করায় গত ৬ মে কালের কণ্ঠে ‘মেধাবী শিক্ষার্থী না পাওয়ায় আটকে আছে জেএসসির বৃত্তি’ শিরোনামে প্রতিবেদন প্রকাশিত হয়।

ঢাকা বোর্ডের বৃত্তির ফল প্রকাশের বিজ্ঞপ্তিতে জানানো হয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার ২০১৮ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি দেওয়া হলো। সরকারি নিয়ম ও নীতিমালা অনুযায়ী এ বৃত্তির তালিকা প্রণয়ন করা হয়েছে।

মেধাবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী মাসিক ৪৫০ টাকা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী মাসিক ৩০০ টাকা হারে বৃত্তি পাবে। এ ছাড়া বইপত্র ও যন্ত্রপাতি কেনার জন্য অনুদান হিসেবে মেধাবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী প্রতিবছর ৫৬০ টাকা ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী প্রতিবছর ৩৫০ টাকা এককালীন অর্থ সাহায্য পাবে। এই বৃত্তিগুলোর মেয়াদ চলতি বছরের জানুয়ারি মাস থেকে আগামী বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত দুই বছর।